


2020

(17)



TABU EKOLABYA  
ISSN 0976-9463

তবু একালাব্যা

ভাষা-সাহিত্য-সংস্কৃতি বিষয়ক গবেষণা পত্রিকা  
২৫ বর্ষ • ৪০ সংখ্যা • ২০২০

# TABU EKALABYA

UGC Approved International Peer-Reviewed (Refereed)  
Research Journal on Arts & Humanities

UGC-CARE LISTED JOURNAL, SL. NO. 16

সমাজ-সংস্কৃতি-সাহিত্য

বিশেষ সংখ্যা

ক্রোড়পত্র/১ : দেবেশ রায়

ক্রোড়পত্র/২ : আনিসুজ্জমান



দি গৌরী কালচারাল এন্ড এডুকেশনাল অ্যাসোসিয়েশন  
সমাজ-সংস্কৃতি-সাহিত্য গবেষণাকেন্দ্র

Prasanta Kumbhakar

পর্ব : ৬

কাব্য-কবিতা

## কবিতার স্বকৃত ও অন্যকৃত অনুবাদ : বিবিধ প্রেক্ষণ প্রশান্ত কুম্ভকার

অনুবাদ বলতে আমরা বুঝি কোনো ভাষান্তরিত রচনা। অর্থাৎ এক ভাষা থেকে অন্য ভাষায় রূপান্তর। অবশ্য মূল ভাষা ও রূপান্তরিত ভাষা এই দুই ভাষাতেই ভাববস্তু একই থাকা চাই। অর্থাৎ বলা যায় যে, কোনো বিষয়ের ভাববস্তুকে অপরিবর্তিত রেখে তাকে যদি মূল ভাষা (Source Language) থেকে অন্য ভাষায় (Target Language) প্রকাশ করা হয়, তাহলে তাকে আমরা অনুবাদ বলতে পারি। অনুবাদের প্রয়োজনীয়তা সম্পর্কে বলা যায়—

১. নিরন্তর জানার আকাঙ্ক্ষা থেকেই মানুষ অন্য দেশের ভাষাকেও আয়ত্ত করে এবং অন্য দেশের জ্ঞানভাণ্ডার ও সংস্কৃতি ভাণ্ডারের কিয়ৎ পরিমাণ নিয়ে যেতে চায় নিজের দেশ ও ভাষায়। এই প্রক্রিয়া দীর্ঘকালের। তাই এক দেশের মানুষ অন্য দেশের ভাষা শেখে। অন্য ভাষা শেখার পর নিজের দেশের শিল্প, সাহিত্য, সংস্কৃতিকে অন্য ভাষার মানুষের কাছে পৌঁছে দেওয়ার একটা তাগিদ থাকে। সেটি অনুবাদ ব্যতীত সম্ভব হয় না।
২. একটি বিশেষ দেশের সংস্কৃতি নানা রাজনৈতিক, ভৌগোলিক প্রভৃতি কারণে অন্য দেশে ছড়াতে না পারলে সেই সংস্কৃতির বিকাশ বৃদ্ধি হয়ে যায়। অর্থাৎ একটি দেশের সৃষ্টিকর্ম ও চিন্তাভাবনার পারস্পরিক আদান প্রদান না হলে দেশের প্রাণশক্তি হারিয়ে যায়। তাই একটি দেশের সৃষ্টিকর্ম অন্য দেশের পাঠক ও লেখকদের সামনে তুলে ধরতে হয়। আর এটি করতে হলেই ভাষার রূপান্তর প্রয়োজনীয় হয়ে পড়ে।
৩. দেশ ও কালের দূরত্ব মোচনের সবথেকে কার্যকরী উপায় হলো অনুবাদ। অনুবাদ না হলে প্রাচীন ধ্রুপদী সম্পত্তি কালের গহিনে ডুবে যেত। অনুবাদই পারে সেই প্রাচীনকে সজীব ও সমকালীন সাহিত্যের অংশ করে নিতে। তাই যুগে যুগে নতুন অনুবাদের প্রয়োজন।
৪. কোনো দেশের শাসক ও শোষিতের ভাষা পৃথক হলে শাসনকার্য সম্ভবপর হয় না। সেক্ষেত্রে অনুবাদ অপরিহার্য।
৫. ধর্ম ও বাণিজ্যের জন্য সবথেকে বেশি অনুবাদের প্রয়োজন।